"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
পাবনা সদর, পাবনা।
*Email: ufpopabnasadar@gmail.com*

স্মারক নম্বর-উপপঅ/পাব-সদর/২০২২/৩৪১/১(১৩)

তারিখঃ ০৬/০৭/২০২২ খ্রিঃ।

## স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পপঅ/এফএসডি/০৪(কর্মসূচী/স্বেচ্ছাসেবী/ছায়া নথি/১)৪(১)/২০২০-২১/১১৩৭ তারিখঃ ১৩/০৬/২০২২ খ্রিঃ স্মারক নম্বরযুক্ত পত্রের মাধ্যমে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি'সেক্টর কর্মসূচির অধীন ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী অপারেশনাল প্ল্যানের আওতায় দূর্গম ও নিম্ন অগ্রগতি এবং ১০০০(এক হাজার) এর অধিক সক্ষম দম্পতি সম্পন্ন ওয়ার্ড/ইউনিটসমূহে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে আগামী ৩০ জুন,২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত মেয়াদী ১৫ জন স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগের প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে পাবনা জেলার পাবনা সদর উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের আওতাধীন নিম্নলিখিত শুন্য পদ পুরণের নিমিত্তে পাবনা পৌরসভার ওয়ার্ডভিত্তিক ও পদের পাশে উল্লেখিত ইউনিয়নগুলোর ইউনিট ভিত্তিক কর্মএলাকায় ১৮-৩০ বছরের বয়সী স্থায়ী (মহিলা) বাসিন্দাদের নিকট হতে স্বেচ্ছাসেবী (মহিলা) হিসেবে কাজ করতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে স্ব-হস্তে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | ইউনিয়নের নাম | শূন্য ইউনিট নম্বর | ওয়ার্ড নম্বর | যে এলাকার স্থায়ী বাসিন্দাগন আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১। | স্বেচ্ছাসেবী(মহিলা) (শুধু মাত্র মহিলা প্রার্থীগন আবেদন করতে পারবেন) | ১৫ টি | মালঞ্চি | ২ক | ২ | সিংগা, নুরপুর, গাংকুলা। |
| | | | গয়েশপুর | ১ক | ১ | মাছিমপুর, জোতগৌরী, জালালপুর। |
| | | | আতাইকুলা | ১খ | ১ | দর্গাপুর, মধুপুর, পুস্পপাড়া, বনগ্রাম। |
| | | | চরতারাপুর | ২খ | ২ | কাচিপাড়া, পুর্বটাটিপাড়া(আংশিক), দিগী গোহালবাড়ী(নদী ওপার), নতুন গোহালবাড়ীয়া, আাটঘড়িয়া পাড়া, খাপড়াডাঙ্গি। |
| | | | | ৩ক | ৩ | শুকচর, তারাবাড়িয়া পশ্চিম পাড়া(আংশিক), বাগচিডাঙ্গি। |
| | | | ভাঁড়ারা | ১ক | ১ | পূর্বজামুয়া, মধ্যজামুয়া, দীঘলকান্দি,আওঙ্গাবাদ। |
| | | | | ১ঘ | ১ | মহাদেবপুর, হলুদবাড়ীয়া, বকশিপুর, পারচীথুলিয়া। |
| | | | দাপুনিয়া | ৩ক | ৩ | দাপুনিয়া, চাঁদপুর, চরকাতরা, রাজাপুর, সাহাদিয়াড়, টিকরী। |
| | | | সাদুল্লাপুর | ২ক | ২ | তেলিগ্রাম, নন্দনপুর (আংশিক)। |
| | | | | ৩ক | ৩ | চরহাপানিয়া, সরুপপুর, চোমরপুর। |
| | | | পৌরসভা | - | ৭ | শালগাড়ীয়া। |
| | | | | - | ১১ | রাধানগর। |
| | | | | - | ১২ | চকপৈলানপুর,নয়নামতি। |
| | | | | - | ১৩ | চক ছাতিয়ানী। |
| | | | | - | ১৪ | ছাতিয়ানী। |

**আবেদনের নিয়মাবলীঃ** আগামী ০৭/০৭/২০২২ হতে আগামী ২১/০৭/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা ও সদস্য সচিব, স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি, পাবনা সদর, পাবনা বরাবরে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদন পত্রের খামের উপর পদের নাম, পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ডের নাম এবং ইউনিয়নের ক্ষেত্রে ইউনিটের নম্বর মোটা অক্ষরে লিখতে হবে। অসম্পুর্ন ও ত্রুটিপূর্ন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, পাবনা সদর, পাবনা হতে সংগ্রহ অথবা সংযুক্ত নমুনা ছক মোতাবেক কম্পিউটার কম্পোজের মাধ্যমে সংগ্রহ করতে হবে।

**আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ**-(১) দুইকপি সদ্যতোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি। (২) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি। (৩) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর নিকট হতে গৃহীত নাগরিক/চারিত্রিক সনদপত্র।

(চলমান পাতা-১)

(৪) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি। (৪) অভিজ্ঞতার (সমাজ কল্যাণমূলক সনদপত্র) যদি থাকে সত্যায়িত কপি। (৫) আবেদন পত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সহ ৯.৫"X৪.৫" সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

**যোগ্যাতাঃ** (১) সংশ্লিষ্ট ইউনিয়নের বিজ্ঞাপিত ইউনিটের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং প্রার্থীকে অবশ্যই মহিলা হতে হবে। (২) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। (৩) শারিরীক ও মানসিকভাবে সুস্বাস্থ্যের অধিকারী (যোগদানের সময় মেডিকেল সার্টিফিকেট জমা দিতে হবে)। (৪) সমাজ কল্যাণমূলক কাজ করতে আগ্রহী (৫) বয়স ১৮-৩০ বৎসর পর্যন্ত (আগামী ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।) (৬) মুক্তিযোদ্ধা পোষ্যদের সবোর্চ্চ অগ্রাধিকার দেওয়া হবে। (৯) ভবিষৎতে কোন তথ্যের গড়মিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

**বেতন-ভাতাদি ও আর্থিক সুবিধাদিঃ** নিয়োগকৃত স্বেচ্ছাসেবীদের কর্মদিবস সপ্তাহে ০৬(ছয়) দিন, দৈনিক ৫৫০.০০ (পাঁচশত পঞ্চাশ) টাকা[ যাতায়াত ভাতা ৪০০/-(চারশত) এবং টিফিন ভাতা ১৫০/-(একশত পঞ্চাশ)] হারে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতাদি প্রাপ্য হবেন।

**পরীক্ষা পদ্ধতিঃ** ১০০ নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

**শর্তাবলীঃ** (১) উপপরিচালক(পরিবার পরিকল্পনা) কর্তৃক স্বাক্ষরিত চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগপত্র প্রদানের পর স্বেচ্ছাসেবীগণ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। অতঃপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বেচ্ছাসেবীদের কর্ম এলাকায় পদায়ন করবেন। উল্লেখ্য যে, নিয়োগকৃত প্রতিজন প্রার্থীর বিপরীতে ০১(এক) জন প্রার্থীকে অপেক্ষমান তালিকায় রাখা হবে এবং কোন স্বেচ্ছাসেবী চাকুরী হতে ইস্তফা দিলে বা কোন কারণে স্বেচ্ছাসেবীর পদ শূন্য হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরণ করা হবে। (২) কেবলমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিয়োগকৃত স্বেচ্ছাসেবীদের চাকুরীর মেয়াদ বলবৎ থাকবে এবং প্রকল্প সমাপ্তির সাথে সাথে উল্লেখিত নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। (৩) স্বেচ্ছাসেবী নিয়োগের ক্ষেত্রে ৩০০.০০ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। অঙ্গীকারনামায় নিম্নলিখিত বিষয়াদি উল্লেখ করতে হবে-(ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতে জনবল নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করব না। (খ) নিয়োগকৃত স্বেচ্ছাসেবী হিসেবে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভূক্তির দাবী উত্থাপন করব না। (গ) নিয়োগপত্রে উল্লেখিত শর্তসমূহ প্রতিপালনে বাধ্য থাকব অন্যথায় আমার বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক যে কোন আইনগত ব্যবস্থায় আপত্তি থাকবে না। (৪) প্রতি মাসে স্বেচ্ছাসেবী(মহিলা)-দের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে। যে সকল কর্মীদের কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়, তাদেরকে প্রাথমিকভাবে ০৩(তিন) মাসের সময় দিয়ে অগ্রগতি অর্জনের জন্য তাগাদাপত্র দেয়া হবে। (৫) সেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে এক মাস পূর্বে কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে। (৬) কর্ম এলাকায় অবস্থান করতে হবে। (৭) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/ আইনগত কারণে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন। (৮) মৌখিক পরিক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। (৯) মৌখিক পরিক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।(১০) আবেদন ফরম পুরন জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্নাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়, সিভিল সার্জনের কার্যালয়, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৬.০৭.২২
(মোঃ গোলাম মোস্তফা)
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
পাবনা সদর, পাবনা
ও
সদস্য সচিব
স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি
পাবনা সদর, পাবনা।

স্মারক নম্বর-উপপঅ/পাব-সদর/২০২২/৩৩৯(২৭)
তারিখঃ ০৬/০৭/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। মহাপরিচালক(গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩। পরিচালক(অর্থ) ও লাইন ডাইরেক্টর, এফপি-এফএসডি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৪। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পাবনা।
৬। সহকারী পরিচালক(পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা অফিস, পাবনা।
৭। ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট(এফপিসিএস-কিউআইটি), জেলা পরিবার পরিকল্পনা অফিস, পাবনা।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

(চলমান পাতা-২)

৯। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা।
১১। মেডিক্যাল অফিসার(এমসিএইচ-এফপি), পাবনা সদর, পাবনা।
১২। জেলা হিসাবরক্ষণ অফিসার, পাবনা।
১০। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।
১১। চেয়ারম্যান, মালঞ্চি/গয়েশপুর/আতাইকুলা/চরতারাপুর/ভাঁড়ারা/দাপুনিয়া/সাদুল্লাপুর ইউনিয়ন পরিষদ, পাবনা সদর,পাবনা।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক প্রেস ক্লাব,পাবনা।
১৩। সম্পাদক/প্রতিনিধি, বাংলাদেশ প্রতিদিন/দৈনিক যুগান্তর/দৈনিক প্রথম আলো/দৈনিক ইছামতি/দৈনিক স্বতঃকণ্ঠ/দৈনিক সিনসা, পাবনা।
১৪। অফিস কপি।

06.07.22
(মোঃ গোলাম মোস্তফা)
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
পাবনা সদর, পাবনা
ও
সদস্য সচিব
স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি
পাবনা সদর, পাবনা।

# চাকুরীর আবেদন ফরম(নমুনা)

| |
|---|
| পাসর্পোট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে |

বরাবর

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
পাবনা সদর, পাবনা
ও
সদস্য সচিব
স্বেচ্ছাসেবী(মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি
পাবনা সদর, পাবনা।

বিষয়ঃ স্বেচ্ছাসেবী(মহিলা) পদে নিয়োগের জন্য আবেদন।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | | | | | | |
| | | ইংরেজিতে(বড় অক্ষরে) | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ | দি | ন | মা | গ | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা)ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নামঃ | | | |
| ৯. | স্বামী/পিতার নামঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর)ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন, ওয়ার্ড/ইউনিট নম্বরঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোষ্ট কোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বরঃ | ই-মেইল(যদি থাকে) |
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫. | পেশাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেনি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী; আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রামানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষরঃ

সংযুক্তিঃ
১.
২.
৩.
৪.
৫.